*ISO 9001, ISO 14001 &*
*OHSAS 18001 Certified*

*ISO 9001, ISO 14001 &*
*OHSAS 18001 Certified*

সভাপতি, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

এবং

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৭ - ৩০ জুন, ২০১৮

# সূচীপত্র


হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন-১ : হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর রূপকল্প (Vission), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলী

সেকশন-২ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কর্মসম্পাদনসূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

# হবিগঞ্জ পবিস এর কার্যসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of Habigonj PBS)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা :

- **সাম্প্রতিক বছর সমূহের প্রধান অর্জনসমূহ :**

হবিগঞ্জ জেলার মাধবপুর, চুনারুঘাট, হবিগঞ্জ (পৌর এলাকা ব্যতীত) বানিয়াচং, আজমিরীগঞ্জ, নবীগঞ্জ, লাখাই, বাহুবল উপজেলা ও সুনামগঞ্জ জেলার দিরাই, শাল্লা ও জগন্নাথপুর উপজেলার আংশিক এলাকা সমন্বয়ে ২৭৭২ বর্গ কিঃ মিঃ এলাকা নিয়ে হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি গঠিত। বর্তমান সরকারের রূপকল্প ২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে ঘরে বিদ্যুৎ পৌছে দেওয়ার লক্ষ্যে হবিগঞ্জ পবিস নিরলসভাবে কাজ করে যাচ্ছে। গ্রামীণ জনগোষ্ঠির অর্থনৈতিক উন্নয়ন ও জীবন যাত্রার মানোন্নয়ন এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে মে/২০১৭ইং পর্যন্ত ৫১২৯ কিঃ মিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ সম্পন্ন করা হয়েছে। ইতিমধ্যে পবিসের ভৌগলিক এলাকায় ২,৭৪,০৪৫ জন বিভিন্ন শ্রেণীর গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। গ্রাহকদের মানসম্মত বিদ্যুৎ প্রদানের জন্য ১.৮ মিলিয়ন প্রকল্পের আওতায় ০২ টি (মাধবপুর-২, ১০ এমভিএ ও লাখাই ৫ এমভিএ) উপকেন্দ্র কমিশনিং করা হয়েছে। ক্রমবর্ধমান লোড বৃদ্ধির হার বিবেচনা করে পবিসের ০৪ টি (নবীগঞ্জ ১০ এমভিএ হতে ২০ এমভিএ, চুনারুঘাট ১০ এমভিএ হতে ২০ এমভিএ, মাধবপুর-১, ১৫ এমভিএ হতে ২০ এমভিএ, শায়েস্তাগঞ্জ ১৭.৫ এমভিএ হতে ২০ এমভিএ) উপকেন্দ্র আপগ্রেডেশন করা হয়েছে। তাছাড়া ইউআরইডিএস : ডিসিএসডি প্রকল্পের আওতায় শাহাজীবাজার সুইচিং স্টেশনে ০২ টি বে-ব্রেকার সম্প্রসারণ পূর্বক কমিশনিং করা হয়েছে এবং ০২ টি (বাহুবল ও আজমিরীগঞ্জ) ১০ এমভিএ উপকেন্দ্র নির্মাণ কাজ চলমান আছে। পবিসের ওভার লোডেড সমস্যা ও বিতরন লাইনের ত্রুটি সমূহ নিরসনের ফলে সিস্টেম লস লক্ষ্যমাত্রার মধ্যে আনয়নের সম্ভাবনা রয়েছে। সমিতির বিভিন্ন শ্রেণীর গ্রাহকদের বকেয়া বিদ্যুৎ বিল প্রদানের জন্য মোটিভিশন করা হচ্ছে এতে চলতি অর্থ বছরের বকেয়া মাসের লক্ষ্যমাত্রা ১.৩০ অর্জনের সম্ভাবনা রয়েছে। জুন/২০১৭ইং এর মধ্যে ০১টি উপজেলা ও সেপ্টেম্বর/২০১৭ইং এর মধ্যে ০১ টি উপজেলা শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হবে এবং আগামী ডিসেম্বর/২০১৭ইং নাগাদ ০১ উপজেলা শতভাগ বিদ্যুতায়ন সম্পন্নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ ঃ**

অত্র পবিসের আতওায় দ্রুত গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। তাছাড়া পবিসের ভৌগলিক এলাকায় ব্যাপক শিল্পায়নের ফলে বিদ্যুৎ চাহিদা বৃদ্ধি পাচ্ছে। অত্র সমিতি ০৫টি বে-ব্রেকারের মাধ্যমে বিদ্যুৎ সুবিধা পেয়ে থাকে। সমিতির গ্রাহকদের ক্রমর্বধমান বিদ্যুৎ সুবিধা বৃদ্ধির জন্য শাহাজীবাজার গ্রীডের ক্ষমতা বর্ধন সহ সুইচিং স্টেশনে আরো ০৩টি বে-ব্রেকার সম্প্রসারণ করা প্রয়োজন। তাছাড়া অত্র সমিতি ক্রমবর্ধমান শিল্পায়নের দিকে ধাবিত হওয়ায় এবং চুনারুঘাট এলাকায় বিশেষ অর্থনৈতিক অঞ্চল গঠনের পরিকল্পনা থাকায় চুনারুঘাট, বাহুবল ও জগদীশপুর এলাকায় গ্রীড উপকেন্দ্রে স্থাপন করা প্রয়োজন। বর্তমানে সমিতির সর্বোচ্চ চাহিদা ৭৮ মেগাওয়াট যাহা ২০১৭-২০১৮ অর্থ বছরে ১২০ মেগাওয়াটে উন্নীত হবে। জাতীয় গ্রীড হতে বিদ্যুৎ সরবরাহ পাওয়া গেলে সমিতির গ্রাহক প্রান্তে নিরবিচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে। জাতীয় গ্রীড হতে সমিতির চাহিদা মোতাবেক বিদ্যুৎ পাওয়া না গেলে গ্রাহক প্রান্তে নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহ চালু রাখা সমিতির জন্য একটি বড় চ্যালেঞ্জ। সমিতির বিতরণ ব্যবস্থায় ৫১২৯ কিঃ মিঃ দীর্ঘ লাইন সমূহ সমতল ভূমি, পাহাড়ী, চা ও রাবার বাগানের মধ্যে এবং হাওড় এলাকায় অবস্থিত। বিভিন্ন প্রাকৃতিক দূযোগের সময় বিতরণ লাইন গ্রামীণ গাছ-গাছালি সমৃদ্ধ এলাকায় বিদ্যুৎ সচল রাখা সমিতির জন্য একটি বড় চ্যালেঞ্জ।

- **ভবিষ্যৎ পরিকল্পনা ঃ**

২০১৮সালের জুন মাসের মধ্যে হবিগঞ্জ পবিস সমিতির ভৌগলিক এলাকায় অবস্থিত সকল জনগণকে বিদ্যুৎ সুবিধা প্রদানের জন্য কাজ করছে। তাছাড়া আগামী ০৫ বছরে সমিতির লোড হবে ৩৪০ মেঃওঃ। গ্রাহকদের চাহিদা বিবেচনা করে সমিতির ভৌগলিক এলাকায় ১১টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র, ০২টি সুইচিং স্টেশন এবং ০৫টি উপকেন্দ্র আপগ্রেডেশনের কাজ প্রক্রিয়াধীন আছে। তাছাড়া সমিতির গ্রাহকদের মানসম্মত বিদ্যুৎ সুবিধা প্রদানের স্বার্থে ০৩টি গ্রীড উপকেন্দ্র, ০১টি সুইচিং স্টেশন, ০৩টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র ও ০৫টি উপকেন্দ্র আপগ্রেডেশন কাজ প্রকল্পভূক্ত করণের জন্য প্রস্তাবনা প্রেরণ করা হয়েছে। শ্রীমঙ্গল গ্রীড হতে বিদ্যুৎ সুবিধা গ্রহণের জন্য ইতিমধ্যে ৩৩ কেভি লাইন নির্মাণ কাজ চলমান আছে। বর্ণিত উন্নয়ন কাজ সমূহ সম্পন্ন হলে সমিতির সিস্টেম লস সিঙ্গেল ডিজিটে নামিয়ে আনা সম্ভব হবে। পাশাপাশি বকেয়া মাস ১.২ অর্জনের পদক্ষেপও গ্রহণ করা হয়েছে এবং আগামী ০২ বছরের মধ্যে গ্রাহক প্রান্তে ৪৬,৭০০টি প্রি-পেইড মিটার স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তাছাড়া প্রতিটি উপকেন্দ্রের বিদ্যুৎ বিভ্রাট কমানোর জন্য ১৫৮ কিঃ মিঃ ৩৩ কেভি লাইন নির্মাণ প্রক্রিয়াধীন আছে।

## ২০১৭-২০১৮ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ ঃ

০১। অত্র পবিসের আওতাধীন ০৮টি উপজেলা শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন করা।
০২। ০৪ টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ সম্পন্ন করা।
০৩। পবিসের আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা।
০৪। বকেয়া মাস ১.২০ অর্জন করা ।
০৫। শাহাজীবাজার সুইচিং স্টেশনে ০৩ টি বে-ব্রেকার কমিশনিং করা; শ্রীমঙ্গল গ্রীড উপকেন্দ্রে ০১ টি বে-ব্রেকার কমিশনিং করা।
০৬। সিস্টেম লস ১১.৭৫% এ নামিয়ে আনা।
০৭। ISO 9001:2015 সার্টিফিকেট অর্জন।

# উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও এর আওতাধীন পবিসসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তাবয়নের লক্ষ্যে হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কে প্রদত্ত বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে

সভাপতি, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

এবং

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ১৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১:

## হবিগঞ্জ পবিস এর রূপকল্প (Vission), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

১.১ **রূপকল্প (Vission):** হবিগঞ্জ পবিস এর আওতাধীন সকল জনগণকে গুণগতমানের বিদ্যুৎ সরবরাহ করা।

১.২ **অভিলক্ষ্য (Mission) :** জুন/২০১৮ সালের মধ্যে অত্র পবিসের আওতাধীন সমগ্র জনগোষ্ঠিকে (প্রতিটি ঘরে) বিদ্যুৎ সুবিধা পৌছে দেওয়া।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) :

০১। বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন।
০২। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদান।
০৩। বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠি বৃদ্ধি।
০৪। আর্থিক সক্ষমতা অর্জন।

### ১.৩.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ :

০১। দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা।
০২। কর্মপদ্ধতি ও সেবার মানোন্নয়ন।
০৩। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
০৪। কর্ম পরিবেশ উন্নয়ন।
০৫। তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা।
০৬। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলী (Functions) :

০১। বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণের মাধ্যমে অত্র পবিসের আওতাধীন সকল জনগোষ্ঠিকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন।
০২। কারিগরী উন্নয়নের মাধ্যমে সিস্টেম লস হ্রাসকরণ।
০৩। বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকগণকে মিতব্যয়ী করা এবং উৎপাদনমুখী কাজে বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ।
০৪। অত্র পবিসের এলাকায় শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন।
০৫। পবিসের আয় বৃদ্ধি ও ব্যয় সংকোচনের ব্যবস্থা করা।
০৬। নতুন গ্রাহক সংযোগ সহজীকরণ।
০৭। বৈদ্যুতিক লাইন নিয়মিত রক্ষণাবেক্ষণ ও মেরামত করা।
০৮। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের পথস্বত্ত্ব মুক্তকরণ।
০৯। গ্রাহকের অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিরসন করা।
১০। বকেয়া আদায় করা এবং আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা।
১১। সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে সুষ্ঠ কর্মপরিবেশ ও সুশাসন প্রতিষ্ঠা।
১২। সকল ক্ষেত্রে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন।
১৩। ডিজিটালাইজেশন ও অটোমেশনের মাধ্যমে উত্তম সেবা নিশ্চিত করণ।

সেকশন-২

# কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

## হবিগঞ্জ পবিস

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ (Projection) | প্রক্ষেপণ (Projection) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ ডিসেম্বর'১৬ পর্যন্ত | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতিমান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | | 1. System Loss (Grid Meter) [%] (W/O resale) | % | ২৮ | ১৫.২২% | ১২.৭০% | ১১.৭৫% | | | | | | |
| | | | 2. Accounts Receivable (Months) (Without GOB rebate & resale) | Month | ১৪ | ১.৫ | ১.৪৯ | ১.২ | | | | | | |
| | | | 3. Collection Bill (CB) Ratio (%) (Without GOB rebate & resale) | % | ১ | ৯৮.৮০% | ৯৪.২৮% | ৯৯% | | | | | | |
| | | | 4. Collection Import (CI) Ratio (%) (W/O rebat & resale) | % | ১ | ৮৩.৭৭% | ৮২.৩১% | ৮৭.৩৭% | | | | | | |
| | | | 5. Ricover of amounts witten=off | % | ১ | ৮.২৩% | ০.৮৮% | ৫.০০% | | | | | | |
| | | | 6. Payment of debt sevice liability (TK'000) | Tk | ৭ | ৩,২৯৭ | | ৬০,০০০ | | | | | | |
| | | | 7. O&M EXP (EX.PC.Depre int & Pro.Uncoll AMT) (TK)/Kwh Sokd (w/o resale) | Tk | ২ | ১.৩৪ | ১.০৬ | ১.৩৪ | | | | | | |
| | | | 8. Rev. / KM of Line w/o resale (TK)'000 | Tk | ১ | ৩২৮ | ১৯১ | ৩৬৮ | | | | | | |
| | | | 9. Ratio of inspenction & maintenance of Distri. line against Ener. line (KM) | % | ১ | ৩৮.৭৩% | ২৪.৫২% | ২৫.০০% | | | | | | |
| | | | 10. Ratio of Damaged & repairble Transformer (no.) against total installed Transformer (no.) | % | ১ | ৭.৮৬% | ২.৭২% | ৪.০০% | | | | | | |
| | | | 11. Percentage of Damaged Transformer repaired. | % | ১ | ১৩৪% | ৭৫% | ১০০% | | | | | | |
| | | | 12. Ratio of connected consumer (over 90 days) against service in place (Except imgation) | % | ২ | ১২.৬৮% | ১৮.২৭% | ৩.০০% | | | | | | |
| | | | 13. Store Management Performance. | | | | | | | | | | | |
| | | | a. Physical Inventory of all Stores under PBS (2016-17) | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | b. Timely Closeout of Mini & Force work order. | % | ১ | ৮২% | ৮৫% | ৮০% | | | | | | |
| | | | 14. Maintenance and Up-gradation of equipment record card (ERC) | % | ২ | ৭৮% | ৩৩% | ১০০% | | | | | | |
| | | | 15. Improvement of Power Factor | | ১ | ০.৯৩ | ০.৯৬ | ০.৯২ | | | | | | |
| | | | 16. Action of Meter Report | % | ১ | ১০০% | ০ | ১০০% | | | | | | |
| | | | 17. Average Training hour per Eployee (Hours) | Hour | ২ | ৮৬ | ৩৫ | ৭৫ | | | | | | |
| | | | 18. Implementation of Annual Devdlopment Program (Issuance of Staking Sheet) | % | ১ | ১২১% | ১১৭% | ১০০% | | | | | | |
| | | | 19. Timeliness to attend Consumer's aomplain | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | 20. System Average Interruption Frequency Index (SAIDI) | Minute | ২ | ১২৪২ | ৭০৬ | ১৫০০ | | | | | | |
| | | | 21. System Anerage Interruption Frequency Index (SAIFI) | Times | ২ | ১২.১৮ | ৮ | ৭৮ | | | | | | |
| | | | 22. % of overloaded Transformer | % | ২ | ১০০% | ৫৬% | ২.০০% | | | | | | |
| | | | 23. % of New Connected Cosumers | % | ৩ | ৯১% | ৭৪% | ১০০% | | | | | | |
| | | | 24. Accounts Payable | Month | ১ | | ২.০৫ | ১.০০ | | | | | | |

| কলাম-২ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight f Performance Indicators) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18) | | | | |
| | | | | | | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৪ | সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণের আয়োজন। | প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ২ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-২০১৮ অর্থ বছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত। | তারিখ | ১ | ১৬ জুলাই | ৩১ জুলাই | -- | -- | -- |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | -- | -- | -- |
| তথ্য অধিকার বাস্তবায়ন জোড়দারকরণ | ১ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | .৫ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন। | অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

৬০ ঘন্টা প্রশিক্ষণের মধ্যে অন্যুন ২০ঘন্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভূক্ত থাকবে।

আমি, সভাপতি, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড - এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সভাপতি, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষী :

স্বাক্ষরিত
তারিখ ঃ-১৫/০৬/২০১৭খ্রিঃ

জেনারেল ম্যানেজার

**মোঃ ছোলায়মান মিয়া**
**জেনারেল ম্যানেজার**
**হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি।**

সভাপতি

**সভাপতি**
**সমিতি বোর্ড, হপবিস**

পরিচালক, পবিস ব্যবস্থাপনা ও পরিচালন
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড।

মুহাম্মদ মতিউর রহমান
পরিচালক (চঃ দাঃ)
পবিস ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

বাপাবিবোর্ড